অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অসময়ের গরম তাপমাত্রার দরুণ বরফ গলার ফলে সম্ভাব্য বন্যা রুখতে স্টেট এজেন্সিগুলিকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বন্যা মোকাবিলার সংস্থান সহ প্রস্তুত থাকতে নির্দেশ দিয়েছেন

রফ গলা ও উষ্ণ তাপমাত্রার জন্য প্রত্যাশিত বন্যার আগে স্থানীয় সরকারের কাছে স্যান্ডব্যাগ এবং অন্যান্য যা যা সংস্থান উপলভ্য আছেব

বন্যা সংক্রান্ত সমস্যা কমানোর জন্য স্টেটের স্টকপাইল থেকে কাজে লাগানোর মতো প্রায় 800,000 স্যান্ডব্যাগ এবং 300টির বেশি পাম্প উপলভ্য আছে

যে মিউনিসিপ্যালিটিগুলিতে বন্যার সম্ভাবনা আছে সেগুলিকে সহায়তা করার জন্য বিবিধ স্টেট এজেন্সি সংস্থান, সরঞ্জাম ও কর্মী প্রস্তুত করে রাখছে

স্টেটে চলা ভয়ঙ্কর শীতকালীন ঝড়, যা এই ছুটির সপ্তাহান্তে হারিকেনের মতো ঝোড়ো বাতাস, সাদা তুষারাবৃত পরিস্থিতি, এবং চার ফুটের বেশি উঁচু ভারী ভেজা বরফ সৃষ্টি করেছে, তা নিয়ন্ত্রণ করতে আজ গভর্নর ক্যাথি হোকল বর্তমানে চালু পরিস্থিতি মোকাবিলার পাশাপাশি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য অতিরিক্ত সহায়তা ঘোষণা করেছেন। স্টেটের ঝড় প্রতিক্রিয়া এই সপ্তাহেও চলবে, এবং বুধবার, গভর্নর হোকল ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে মোট 611 জন ন্যাশনাল গার্ড সৈন্য পাঠিয়েছেন। পরিষেবার সদস্যদেরকে তিনজনের দলে ভাগ করে এমন ঘরে ঘরে গিয়ে কল্যাণমূলক পরিদর্শন করা হচ্ছে যেগুলিতে পাওয়ার কাট হয়েছে এবং ঘটনা চলাকালীন যারা 911 নম্বরে ফোন করেছেন। ঝড় চলাকালীন, পুরো ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং সিটি অফ বাফেলো জুড়ে মোট 170,000 পাওয়ার কাটের ঘটনা জানা গেছে। লেক এফেক্ট স্নো ব্যান্ড এই অঞ্চলটির জন্য আর বিপদ বহন না করলেও, গভর্নর হোকল বুধবার স্টেট এজেন্সিগুলিকে বন্যা মোকাবিলায় প্রতিক্রিয়া দেওয়ার মতো সংস্থান প্রস্তুত করে রাখতে বলেছেন, কারণ তাপমাত্রা বাড়া ও বরফ গলার জন্য বাফেলো অঞ্চলে এই সপ্তাহের পরের দিকের বন্যার সম্ভাবনা রয়েছে।

"এই ঐতিহাসিক শীতকালীন ঝড়ের সম্মুখীন হয়ে নিউ ইয়র্ক স্টেট আগে থেকেই বন্যা পরিস্থিতির মোকাবিলা করার জন্য প্রস্তুতি চালিয়ে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের স্টেট এজেন্সির কর্মচারীরা ও স্থানীয় এমার্জেন্সির প্রতিক্রিয়াদাতা ঝড়ের মধ্যে নিজেদের মধ্যে সমন্বয় সাধন করে কাজ করছেন, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখতে ও আমাদের কমিউনিটিকে এই প্রকোপ কাটিয়ে উঠতে আমরা যা করণীয় তাই করব।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES), ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট কনজার্ভেশন (Department of Environment Conservation, DEC), এবং অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (পার্কস) একে অপরের সাথে সহযোগিতা করে সপ্তাহের পরের দিকে তাপমাত্রা বাড়ার সময় বন্যা পরিস্থিতি দেখা দিলে যে যে স্থানে সহায়তা দরকার সেই ব্যাপারে স্থানীয় মিউনিসিপ্যালিটিতে প্রচার চালাবে। যদিও লেক এফেক্ট স্নো ব্যান্ড বেশিরভাগ ক্ষেত্রে স্টেট জুড়ে সরু হতে দেখা গেছে, তাহলেও এই সপ্তাহ ধরে তাপমাত্রা ধীরে ধীরে স্টেটের বেশিরভাগ অঞ্চলেও বাড়বে, ফলে শুক্রবার পর্যন্ত ও সপ্তাহান্ত জুড়ে তাপমাত্রা 50s-এর কম থাকবে। সপ্তাহের পরের দিকে এবং এই সপ্তাহান্তে বরফ গলা ও বরফ ভাঙ্গার জন্য বন্যা দেখা দেওয়া সম্ভব। বিপদগ্রস্ত স্থানের মধ্যে রয়েছে খাঁড়ি, নদী এবং নিচু অংশ, যেখানে জলনিকাশী ব্যবস্থা ভালো নয় এমন এলাকা।

ঘরবাড়ি, ব্যবসার স্থান বা পরিকাঠামো বন্যার জলে ভেসে যাওয়া বা জলপথ ফুলেফেঁপে ওঠা আটকাতে DEC বন্যার প্রকোপ কমানোর জন্য স্টেট ও স্থানীয় এজেন্সিগুলির সাথে পাম্প ও স্যান্ডব্যাগ সহ বন্যা কমানোর সরঞ্জাম নিয়ে ঘনিষ্ঠভাবে কাজ করছে। এর সাথে বহু স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষের সঙ্গে অঞ্চলটির স্থানীয় সরকার ও আইন বলবৎকারীদের সহযোগিতা তো আছেই যাতে দাঁড়িয়ে থাকা গাড়ি সরানো, ঘরবাড়ি ও প্রধান রাস্তা খালি করার মতো ঝড়ের মোকাবিলা নেওয়ার অন্যান্য ব্যবস্থা নেওয়া যায়। এই প্রচেষ্টাগুলিতে সহায়তা করা অন্যান্য স্টেট এজেন্সিগুলির মধ্যে রয়েছে অফিস অফ জেনারেল সার্ভিসেস, ডিপার্টমেন্ট অফ কারেকশনস অ্যান্ড কমিউনিটি সুপারভিশন এবং ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন। চাহিদা দেখা দিলে অতিরিক্ত সংস্থানের বন্দোবস্ত করা চালিয়ে যাওয়া হবে।

এই অপারেশনগুলিকে সমর্থন করতে, স্টেটের স্টকপাইল থেকে ইর ও মনরো কাউন্টিতে ব্যবহার করার জন্য নিম্নলিখিত সংস্থানগুলি উপলভ্য রয়েছে:

- 185টি দুই-ইঞ্চির পাম্প
- 91টি তিন-ইঞ্চির পাম্প
- 44টি চার-ইঞ্চির পাম্প
- 14টি ছয়-ইঞ্চির পাম্প
- 312টি জেনারেটর
- 4টি স্যান্ডব্যাগার্স
- 775,000টিরও বেশি স্যান্ডব্যাগ

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস ককমিশনার জ্যাকি ব্রে বলেছেন, "গভর্নর হোকল ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীদেরকে এই বিধ্বংসী ঝড়ের হাত থেকে বাঁচাতে বদ্ধপরিকর এবং এই সপ্তাহে বাফেলোতে আমাদের পরিস্থিতি মোকাবিলার প্রতিক্রিয়া জারি থাকবে। এই সপ্তাহের পরের দিকে, চার ফুট উচ্চতার বরফের স্তরের উপরে আরও তাপমাত্রা বাড়বে, তাই অঞ্চলটির বন্যাপ্রবণ এলাকায় আমরা বন্যা হওয়ার আশঙ্কা করছি।

আমরা আমাদের এজেন্সি পার্টনার এবং ইর কাউন্টির সাথে কাজ করে নিশ্চিত করছি যে স্থানীয় এমার্জেন্সি ম্যানেজারদের কাছে যেন এই সপ্তাহে সবাইকে নিরাপদে রাখার মতো সংস্থান থাকে।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিশনার বেসিল সেগোস বলেছেন, "DEC গত সপ্তাহান্তের প্রতিকূল শীতকালীন আবহাওয়ায় প্রভাবিত কমিউনিটিকে সাহায্য করতে সাহায্য ও সহায়তা দেওয়া চালিয়ে যাবে, এবং আমি সব স্টেট ও স্থানীয় প্রতিক্রিয়াদাতার প্রশংসা করি যারা এই তীব্র প্রতিকূল ঝড় সামলে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করতে এগিয়ে এসেছেন। আগামী দিনগুলিতে তাপমাত্রা বাড়া প্রত্যাশিত, তাই DEC কর্মীরা স্থানীয় বন্যা পরিস্থিতি নিরীক্ষণ করবে এবং বাফেলো অঞ্চল যাতে এই প্রতিকূল পরিস্থিতি কাটিয়ে উঠতে পারে তার জন্য গভর্নর হোকল, DHSES, স্টেট পার্ক ও অন্যান্য স্টেট এবং স্থানীয় আপৎকালীন প্রতিক্রিয়াদাতাদের সাথে কাজ করে আমাদের পার্টনারদের সহযোগিতায় অপরিহার্য জিনিসের জোগান চালিয়ে যাবে।"

স্টেট পার্ক কমিশনার এরিক কুলেসেইড বলেছেন, "স্টেট পার্ক অঞ্চলটিতে বন্যার ক্ষতি কমানোর জন্য DEC-র সাথে সহযোগিতা করে মেশিনারি ও মানববল দিয়ে আমাদের প্রারম্ভিক সহায়তার পরেও অনুধাবনমূলক কাজ করে চলেছে। আমাদের পার্ক পুলিশ স্টেট ও স্থানীয় আধিকারিকদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে কাজ করবেন, অপরদিকে OPRHP সদস্যরা কমিউনিটির জন্য বিছানাপত্র, খাবারদাবার ও বোতলের জল পরিবহণে সাহায্য করে গভর্নর হোকলের গৃহীত পদক্ষেপগুলি আরও সুদৃঢ় করবেন।"

বন্যার নিরাপত্তা পরামর্শ

- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, কাপড় এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তিসহ সকল মূল্যবান বস্তুর আইটেম অনুযায়ী তালিকা তৈরি করুন, সম্ভব হলে ছবি ও ভিডিও তুলে রাখুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্নার সরঞ্জাম হাতের কাছে রাখুন।
- আপনার যানবাহনে জ্বালানি ভরে বা চার্জ দিয়ে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি সম্ভাব্য বন্যা সীমার কত উপরে এবং কত নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার সীমা যখন সম্প্রচার করা হবে, তখন আপনি বন্যাকবলিত হবেন কিনা তা নির্ধারণ করতে পারবেন।

- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি পানিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।

বন্যার আগে, পরে ও চলাকালীন আবহাওয়ার অবস্থা এবং আগে থেকে প্রস্তুতির ব্যবস্থা সম্পর্কিত একটি সম্পূর্ণ তালিকা পেতে ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসের ওয়েবসাইট দেখুন https://www.dhses.ny.gov/flood-safety-tips।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418